

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নং-৮০.১০২.০১১.০০.০০.০০১২.২০১৫- ১৫০

তারিখঃ ২৭/০৬/২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ মৌখিক পরীক্ষা গ্রহণের লক্ষ্যে বিপিএসসি ফরম-৩ (মূল আবেদনপত্র) জমাদান প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৮/০২/২০১৬ তারিখ বন্ধ ও পাট মন্ত্রণালয়ের অধীন বন্ধ পরিদপ্তর কর্তৃক পরিচালিত ৫টি টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ (চট্টগ্রাম, টাংগাইল.পাবনা, নোয়াখালী ও বরিশাল)- সমূহের জন্য অধ্যাপক(কারিগরি), সহকারী অধ্যাপক(কারিগরি), সহকারী অধ্যাপক(ম্যাকানিক্যাল), সহকারী অধ্যাপক (ইলেকট্রিক্যাল), সহকারী অধ্যাপক(ফ্যাশন এন্ড ডিজাইন)-এবং সহকারী অধ্যাপক(কম্পিউটার) পদসমূহে সরাসরি পন্থায় নিয়োগের লক্ষ্যে অনলাইন-এ দরখাস্ত আহ্বান করা হয়

২। উল্লিখিত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে যে সকল প্রার্থী উপরোক্ত পদ/পদসমূহের জন্য কমিশনের বিপিএসসি ফরম- ৫ পূরণ করে রেজিস্ট্রেশনভুক্ত হয়েছেন, সংশ্লিষ্ট ঐ সকল প্রার্থী কর্তৃক বিপিএসসি ফরম-৩(মূল আবেদনপত্র) কমিশনের ওয়েবসাইট(www.bpsc.gov.bd) থেকে ডাউনলোড করে যথাযথভাবে পূরণ পূর্বক শিক্ষাগত যোগ্যতার সকল সনদ, অভিজ্ঞতার সনদপত্র ও নম্বর পত্রের (শ্রেণি/শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে) সত্যায়িত কপি, সংশ্লিষ্ট প্রার্থীর তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ আগামী ১৪/০৭/২০১৬ থেকে ২১/০৭/২০১৬ তারিখ পর্যন্ত প্রতি কর্ম দিবসে সকাল ১০.০০ টা থেকে বিকাল ৪.০০ টার মধ্যে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, প্রধান কার্যালয় আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭-তে হাতে হাতে জমা দেওয়া যাবে অথবা ডাকযোগে (রেজিস্ট্রেশনকৃত প্রবেশপত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে) প্রেরণ করা যাবে। বিপিএসসি ফরম-৩, হাতে হাতে জমাদান কালে প্রার্থীদের সংশ্লিষ্ট পদে রেজিস্ট্রেশনকৃত প্রবেশপত্র প্রদর্শন করতে হবে। আবেদনপত্র (বিপিএসসি ফর্ম-৩) ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে (অবশ্যই নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে, অন্যথায় তার প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে) পরিচালক(ইউনিট-২), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭, বরাবর প্রেরণ করতে হবে। উল্লিখিত তারিখের মধ্যে মূল আবেদনপত্র প্রার্থী হাতে হাতে/ডাকযোগে জমা দিতে ব্যর্থ হলে মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাবেন না অর্থাৎ তার প্রার্থীতা বাতিল বলে বিবেচিত হবে। উল্লেখ্য, কোন প্রার্থী একাধিক পদে রেজিস্ট্রেশনভুক্ত হয়ে থাকলে একাধিক পদের জন্য প্রার্থী কর্তৃক আলাদা আলাদা বিপিএসসি ফরম-৩ (মূল আবেদনপত্র) জমা দিতে হবে এবং একইসাথে কমিশনের নির্ধারিত ছকে/ফর্মে(সংযুক্ত) পছন্দক্রম প্রার্থী কর্তৃক পূরণ করে জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

[পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করুন]
[চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে]

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(যুগ্ম-সচিব)।

পছন্দক্রম ফরম

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর,
ঢাকা-১২০৭।

একাধিক পদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে চাকরির পছন্দক্রম প্রদান।

সমশ্রেণির একাধিক পদে মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে সুপারিশের জন্য যোগ্য বিবেচিত হলে নিম্নে উল্লিখিত পছন্দক্রম অনুযায়ী মনোনয়ন পেতে ইচ্ছুক :

ক্রমিক নং	পছন্দক্রম অনুযায়ী পদের নাম	মন্ত্রণালয়ের/বিভাগের নাম	রেজিঃ নম্বর
১।			
২।			
৩।			
৪।			
৫।			
৬।			
৭।			
৮।			

উপর্যুক্ত পছন্দক্রম আমার স্বেচ্ছা প্রদত্ত। উল্লিখিত পছন্দক্রম অনুসারে মনোনয়ন প্রদান করা হলে আমার কোন আপত্তি থাকবে না।

তারিখ :



স্বাক্ষরঃ

প্রার্থীর নামঃ

স্থায়ী ঠিকানাঃ

